# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ সাঈ যাতে যথার্থভাবে আদায় হয় সেজন্য নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনায় রাখুন

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

অন্যান্য সময়ে একাধিক বার উমরা করা প্রসঙ্গে

এক বর্ণনা অনুসারে রাসূলুল্লাহ (ﷺ)জীবনে মোট চার বার উমরা করেছেন। প্রথমবার: হুদায়বিয়ার উমরা, যা পথে বাধাপ্রাপ্ত হওয়ায় সম্পন্ন করতে পারেননি। বরং সেখানেই মাথা মুন্ডনের মাধ্যমে হালাল হয়ে যান। দ্বিতীয় বার: উমরাতুল কাজা। তৃতীয় বার : জিয়িররানা থেকে। চতুর্থবার: বিদায় হজ্জের সাথে। তবে রাসূলুল্লাহ (ﷺ)উমরার উদ্দেশ্যে হেরেমের এরিয়ার বাইরে বের হয়ে উমরা করেছেন বলে কোন প্রমাণ নেই।[1]

সাহাবায়ে কেরামের উমরা আদায়ের পদ্ধতি থেকে অবশ্য হজ্জের সময় ব্যতীত অন্য সময়ে বছরে একাধিকবার উমরা করার বৈধতা প্রমাণিত হয়। মক্কায় ইবনে যুবায়ের (রাঃ) এর শাসনামলে ইবনে উমর বছরে দুটি করে উমরা করেছেন। আয়েশা (রাঃ) বছরে তিনটি পর্যন্ত উমরাও করেছেন।[2] এক হাদিসে এসেছে, ‘তোমরা বার বার হজ্জ ও উমরা আদায় করো। কেননা এ দুটি দারিদ্র্য ও গুনাহ বিমোচন করে দেয়।’[3] সাহাবায়ে কেরামের ক্ষেত্রে দেখা যেত, এক উমরা আদায়ের পর তাদের মাথার চুল কাল হয়ে যাওয়ার আবার উমরা করতেন, তার আগে করতেন না।[4]

## ফুটনোট

[1] বিস্তারিত দেখুন : যাদুল মাআদ : খন্ড : ২, পৃষ্ঠা : ৯২-৯৫

[2] - সাইয়িদ সাবিক : ফেকহুস্সুন্নাহ , খন্ড : ৭ , পৃ: ৭৪৯

[3] - আলবানী : সহিহুন্নাসায়ী : হাদিস নং ৫৫৮

[4] বিস্তারিত দেখুন : যাদুল মাআদ : খন্ড : ২, পৃষ্ঠা : ৯০-৯৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=3489

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন